## AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date : 08. 04. 25** **Desk in Charge : SDG**

**Time : 7-35 AM** **Compiling : DSS**

**DEO: KB** **NR: DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ সুপ্রিম কোর্টে আজ রাজ্যে শিক্ষক নিয়োগে 'সুপার নিউমারারি' বা অতিরিক্ত পদ সংক্রান্ত মামলা শুনানি হওয়ার কথা।

২/ শীর্ষ আদালতের রায়ে চাকরি হারা যোগ্য শিক্ষক, শিক্ষা কর্মীদের চাকরিতে ফেরানোর জন্য রাজ্য সরকারের আইনি প্রক্রিয়া যাতে বিলম্বিত না হয়, তা' সুনিশ্চিত করার লক্ষ্যে একটি 'টাস্ক ফোর্স' গঠন করা হয়েছে।

৩/ সব আইন মেনেই চাকরি হারানো যোগ্য শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষা কর্মীদের মর্যাদার সঙ্গে চাকরি সুনিশ্চিত করা হবে বলে রাজ্য সরকার আশ্বাস দিয়েছে।

৪/ SSC নিয়োগ বাতিলের আবহেই আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠক বসতে চলেছে।

৫/ নদীয়ার কালিগঞ্জ বিধানসভার উপনির্বাচনের প্রস্তুতিতে, ওই কেন্দ্রে ভোটার তালিকা সংশোধনের বিশেষ অভিযান আজ শুরু হচ্ছে। # এই নিয়ে আজ রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন মুখ্য নির্বাচনী আধিকারিক।

৬/ বাড়িতে ব্যবহৃত রান্নার গ্যাসের দাম গত মধ্যরাত থেকে সিলিন্ডার পিছু ৫০ টাকা বেড়েছে।

৭/ ISL ফুটবলের ফাইনালে উঠেছে মোহনবাগান।

# ইডেনে আজ IPL ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স, লখনৌ সুপার জায়ান্টসের মুখোমুখি হবে।

**********************************************************************

সুপ্রিম কোর্টে আজ রাজ্যে শিক্ষক নিয়োগে ‘সুপার নিউমারারি’ বা অতিরিক্ত পদ সংক্রান্ত মামলা শুনানি হওয়ার কথা। এতোদিন SSC-র প্রায় ২৬ হাজার চাকরী সংক্রান্ত মামলার সঙ্গে এই মামলা’ও চলছিল। গত বৃহস্পতিবার ওই মামলার রায় ঘোষণার পর আজ প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার এজলাসে অতিরিক্ত পদের বিষয়ে রাজ্যের বক্তব্য শোনা হবে।

উল্লেখ্য, SSC-তে নিয়োগের জন্য প্রায় ৬’হাজার ‘সুপার নিউমারারি’ পদ সৃষ্টি করা হয়েছিল। এর ওপর সুপ্রিম কোর্টের স্থগিতাদেশ রয়েছে। এই মামলায় কলকাতা হাইকোর্ট জানায়, কেন্দ্রীয় তদন্ত ব্যুরো CBI চাইলে রাজ্য মন্ত্রিসভার সদস্যদের জিজ্ঞাসাবাদ করতে পারে। সেই নির্দেশের ওপরেও স্থগিতাদেশ রয়েছে। এর প্রেক্ষিতে শীর্ষ আদালতে আজ রাজ্য কি জানায়, সেদিকেই নজর সকলের।

***********************

এদিকে, সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা যোগ্য শিক্ষক ও শিক্ষা কর্মীদের চাকরিতে ফেরানোর জন্যে রাজ্য সরকারের আইনি প্রক্রিয়া যাতে বিলম্বিত না হয়, তা সুনিশ্চিত করার লক্ষ্যে একটি ‘টাস্ক ফোর্স’ গঠন করা হয়েছে। নেতাজি ইন্ডোরে সভার পরেই মুখ্যমন্ত্রী মুখ্য সচিব মনোজ পন্থের নেতৃত্বে উচ্চ পর্যায়ের ওই বিশেষ টাস্ক ফোর্স গঠন করেন। শিক্ষাসচিব, আইনজ্ঞ, শিক্ষক সহ সংশ্লিষ্ট প্রতিনিধিদের ওই টাস্ক ফোর্সে রাখা হয়েছে। শিক্ষকদের চাকরিতে ফেরানোর আইনি প্রক্রিয়ার উপর নজরদারি করবেন তাঁরা।

***********************

রাজ্য সরকার, সব আইন মেনেই সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারানো যোগ্য শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীদের মর্যাদার সঙ্গে চাকরি সুনিশ্চিত করার আশ্বাস দিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে চাকরি হারা শিক্ষক-শিক্ষিকা শিক্ষা কর্মীদের সঙ্গে উদ্ভুত পরিস্থিতি নিয়ে এক বৈঠকে মিলিত হন। তিনি বলেন, এই বিষয়ে সরকারের তরফে প্রথমে সুপ্রিম কোর্টের কাছে যোগ্য-অযোগ্যদের নামের তালিকা চাওয়া হবে। পাশাপাশি নতুন করে পরীক্ষা নেওয়ার আগে

যারা স্কুলে পড়াতেন তাদের জন্য আদালতের কাছে ব্যাখ্যা চাওয়া হবে । আদালত তালিকা দেরিতে বা নেতিবাচক উত্তর দিলে রাজ্য সরকার সব আইন মেনেই দুই মাসের মধ্যে যোগ্যদের চাকরি সুনিশ্চিত করবে। রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে ভেঙে ফেলার চক্রান্ত করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। সুপ্রিম কোর্টের এই রায়ের পেছনে কোন চক্রান্ত আছে কিনা সেই প্রশ্ন তুলে তিনি কাউকে প্ররোচনায় পা না দেওয়ার আর্জি জানান।

( বাইট – মুখ্যমন্ত্রী)

***********************

বিজেপি পুরো পরিস্থিতির জন্য রাজ্য সরকারকে দায়ী করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বিধানসভার প্রবেশপথে গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অভিযোগ করেন, এই সরকার অমানবিক ।

চাকরি হারানো যোগ্য শিক্ষকদের মুখ্যমন্ত্রী মর্যাদার সঙ্গে চাকরি সুনিশ্চিত করার যে আশ্বাস দিয়েছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সেই নিয়ে প্রশ্ন তুলেছেন। রাজ্য সরকারের কাছে OMR শিট প্রকাশ্যে আনার দাবি করতে চাকরিহারাদের উদ্দেশ্যে আবেদন জানিয়েছেন, বিজেপি-র রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তিনি বলেন, বৈঠকে যোগ্য প্রার্থীদের ডাকা হয়েছে বলে মুখ্যমন্ত্রী দাবি করেছেন। এর অর্থ- যোগ্য ও অযোগ্যদের তালিকা সরকারের কাছে আছে। তা সত্ত্বেও রাজ্য সরকার সুপ্রিম কোর্টে সেই তালিকা জমা দেয়নি কেনো তিনি সেই প্রশ্নও তোলেন।

( বাইট- সুকান্ত )

***********************

মুখ্যমন্ত্রী চাকরি হারাদের বিভ্রান্ত করার চেষ্টা করছেন বলে বিজেপি নেত্রী বিধায়ক অগ্নিমিত্রা পাল মন্তব্য করেছেন। পশ্চিম বর্ধমানের কাঁকসায় গতকাল তিনি বলেন, ২০২৪ সালে RG KAR-এর ঘটনায় চিকিৎসকদের আন্দোলনে একইভাবে বিভ্রান্ত করেছেন মুখ্যমন্ত্রী। সেইভাবেই তিনি চাকরিহারাদের বিভ্রান্ত করছেন। দলের বিক্ষোভ কর্মসূচীতে সাংবাদিকদের অগ্নিমিত্রা বলেন, যোগ্য-অযোগ্যদের তালিকার জন্য ২০২৪

সালের এপ্রিল মাসে  হাইকোর্টের সিঙ্গল বেঞ্চে নির্দেশ দেয়। তারপরও তালিকা দেওয়া হয়নি।

( বাইট-অগ্নিমিত্রা )

************************

কংগ্রেস’ও, মুখ্যমন্ত্রীর বৈঠকের ফলাফল নিয়ে প্রশ্ন তুলেছে। দলের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায় বলেছেন, চাকরি হারাদের চাকরি ফিরে পাওয়ার দাবি তাদের ন্যায্য অধিকার, কারো দয়া-দাক্ষিণের মধ্যে পড়ে না। প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে মুখ্যমন্ত্রীর বৈঠককে নাটক হিসেবে দাবী করে বলেছেন, মুখ্যমন্ত্রী আদালতের ঘাড়ে সব দোষ চাপানোর চেষ্টা করছেন।

CPIM কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, যোগ্য–অযোগ্য হিসেবে চিহ্নিত করে রাজ্য সরকার, কার্যত অযোগ্যদের চাকরি দেওয়া হয়েছিল সেই কথা স্বীকার করে নিয়েছে।

অন্যদিকে তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেছেন, CPIM-বিজেপি-র গভীর চক্রান্তের ফলে প্রায় ২৬ হাজার শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীর চাকরি চলে গেল। মুখ্যমন্ত্রী তাদের পাশে থেকে লড়াই চালাবেন। এই চক্রান্তের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের ছাত্র-যুব সংগঠন, দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সির নেতৃত্বে আগামীকাল বিকেলে কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত এক প্রতিবাদ মিছিলে সামিল হবে। এছাড়া জেলা ও ব্লকস্তরেও প্রতিবাদ কর্মসূচী পালন করা হবে।

************************

সুপ্রিম কোর্টের রায়ে SSC নিয়োগ বাতিলের আবহেই রাজ্য মন্ত্রিসভা আজ বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে  নবান্নে এই বৈঠকে উপস্থিত থাকার জন্য মন্ত্রিসভার সব সদস্যকে নির্দেশ দেওয়া হয়েছে।

SSC নিয়ে সুপ্রিম কোর্টের রায়ের ফলে উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনা ছাড়াও বৈঠকে বেশ কিছু দপ্তরে শূন্য পদে নিয়োগ সংক্রান্ত প্রস্তাব গ্রহণ করা হতে পারে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

************************

কলকাতা হাইকোর্ট, গোর্খা আঞ্চলিক প্রশাসন- GTAতে শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগে এবার ৩১৩ জনের বেতন বন্ধ করতে তৎপর হয়েছে। বিচারপতি বিশ্বজিৎ বসু রাজ্যের কাছে জানতে চেয়েছেন, সরকার এদের বেতন বন্ধ করবে কিনা। নাহলে আদালতই বেতন বন্ধের নির্দেশ দেবে। রাজ্যের অ্যাডভোকেট জেনারেল এব্যাপারে তাঁদের বক্তব্য জানানোর জন্য আদালতের কাছে আগামী বৃহস্পতিবার পর্যন্ত সময় চেয়েছেন।

************************

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের প্রস্তুতিতে ওই কেন্দ্রে ভোটার তালিকা সংশোধনের বিশেষ অভিযান আজ শুরু হচ্ছে। তার আগে আজ এই নিয়ে রাজ্যের সমস্ত স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসছেন রাজ্যের নবনিযুক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। সকাল সাড়ে দশটা নাগাদ ওই বৈঠকে উপস্থিত থাকার জন্য সমস্ত স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হয়েছে।

কমিশন সূত্রে খবর, আগামী জুলাই মাসের মধ্যে সংশ্লিষ্ট এই বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন হবে। তার আগে আজ থেকে ওই বিধানসভা কেন্দ্রে বিশেষভাবে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হচ্ছে। চলবে পয়লা মে পর্যন্ত। ৫'ই মে-র মধ্যে চূড়ান্ত তালিকা প্রকাশিত হবে। তারপরই ঘোষিত হবে উপনির্বাচনের দিনক্ষণ।

সাম্প্রতিককালে ভোটার তালিকায় নানা অসঙ্গতি নিয়ে একাধিক রাজনৈতিক দলের সরব হওয়ার প্রেক্ষিতে কমিশনের এই সিদ্ধান্ত তাৎপর্যপূর্ণ।

উল্লেখ্য, এ বছর পয়লা ফেব্রুয়ারি নদিয়ার কালীগঞ্জের তৃণমূল কংগ্রেস বিধায়ক নাসিরুদ্দিন আহমেদের মৃত্যু হয়। সে কারণেই ওই আসনে উপনির্বাচনের প্রয়োজন দেখা দিয়েছে।

************************

স্পটলাইট অনুষ্ঠানে এবার শুনবেন 'ওয়াকফ সংশোধনী বিল' নিয়ে বিশেষ আলোচনা। অতিথি হিসেবে থাকছেন প্রবীণ সাংবাদিক মোহাম্মদ আমানুল্লা এবং আইনজীবী দেবজিত সরকার। সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ সঞ্চয়িতায় রাত সাড়ে আটটায়।

দ্বিতীয় পর্ব আগামী বৃহস্পতিবার। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও এটি পরে শোনা যাবে।

************************

বাড়িতে ব্যবহৃত রান্নার গ্যাসের দাম সিলিন্ডার পিছু ৫০ টাকা করে বৃদ্ধি পেয়েছে। গত মধ্যরাত থেকেই এই বর্ধিত মূল্য কার্যকর হয়েছে।

পশ্চিমবঙ্গে ১৪ কেজি ২০০ গ্রাম ওজনের সিলিন্ডারের দাম ৮২৯ টাকা থেকে বেড়ে হয়েছে ৮৭৯ টাকা। 'উজ্জ্বলা যোজনা'র সুবিধাভোগীদের এখন থেকে সিলিন্ডার পিছু দিতে হবে সাড়ে ৫০০ এবং অন্যদের ৮৫৩ টাকা।

অন্যদিকে, বিরোধী দলগুলি, রান্নার গ্যাসের মূল্যবৃদ্ধির সমালোচনা করেছে। তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেছেন, কেন্দ্র এইভাবে রান্নার গ্যাস, অত্যাবশ্যক ওষুধ পত্র সহ প্রয়োজনীয় সব জিনিসের দাম বাড়িয়ে সাধারণ মানুষের জীবনকে দুঃসহ করে তুলেছে। কেন্দ্রীয় সরকারের 'বিকাশ'-এর আদর্শ এখন পুরোপুরি বিলাসিতায় পরিণত হয়েছে।

দলের নেতা কুণাল ঘোষ গতকাল এক সাংবাদিক সম্মেলনে রান্নার গ্যাসের সাম্প্রতিক মূল্যবৃদ্ধিকে বিজেপির রামনবমীর উপহার বলে কটাক্ষ করেছেন ।

( বাইট- কুণাল )

CPIM'ও এই মুল্যবৃদ্ধির তীব্র প্রতিবাদ জানিয়েছে। দলের নেতা সুজন চক্রবর্তী বলেছেন, আন্তর্জাতিক বাজারে দাম না বাড়লেও, কেন্দ্র ও রাজ্য সরকারের চাপানো করের ফলেই দেশে পেট্রোপণ্যের দাম বেড়ে চলেছে।

( বাইট- সুজন )

************************

জামশেদপুর এফসি-কে হারিয়ে মোহনবাগান সুপারজায়ান্ট চতুর্থবারের জন্য ISL ফুটবলের ফাইনালে পৌঁছেছে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতসন্ধ্যায় ISL-এর দ্বিতীয় সেমিফাইনালের দ্বিতীয় লেগের ম্যাচে মোহনবাগান ২ -০ গোলে জামশেদপুর এফসি-কে হারিয়ে দেয়।

সল্টলেক স্টেডিয়ামে শনিবার ISL ফাইনালে মোহনবাগান সুপারজায়ান্ট, ব্যাঙ্গালুরু এফসি-র মুখোমুখি হবে।

************************

ইডেনে আজ IPL ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, লখনউ সুপার জায়ান্টস এর মুখোমুখি হবে। খেলা শুরু হবে দুপুর সাড়ে তিনটেয়।

দুই দলই চারটি করে ম্যাচ খেলেছে, দুটি ম্যাচে জয়ী হয়েছে ৪ পয়েন্ট করে সংগ্রহ করেছে। নেট রানরেটে এগিয়ে থাকায় KKR লিগ তালিকায় পঞ্চম, লখনউ ষষ্ঠ স্থানে আছে। মুম্বই ইন্ডিয়ান্স-এর বিরুদ্ধে পরাজয়ের পর গত ম্যাচে সানরাইজার্স হায়দ্রাবাদকে ৮০ রানে হারিয়ে দুরন্ত প্রত্যাবর্তন করেছে নাইট রাইডার্স। অন্যদিকে, লখনউ শেষ ম্যাচে ১২ রানে মুম্বই ইন্ডিয়ান্সকে হারিয়ে দিয়েছে।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন- ( ভিসি-অরিজিত দত্ত)

****************************************************************